



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



109390

স্মারক নং-বামাশিবো/প্রশাসন/গাজীপুর- ১৫৪/১১১/৩

তারিখ: ২৩ অগ্রহায়ণ ১৪২৭
০৮ ডিসেম্বর ২০২০

বিষয়: রিট পিটিশন নং-৫০০৫/২০১৯ এ প্রদত্ত আদেশ মোতাবেক দরখাস্তকারী জনাব মো: নুরুল আমিন মৃধা সুপার (বরখাস্তকৃত) এর দরখাস্ত নিষ্পত্তি প্রসঙ্গে

- সূত্র: ১। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং- বামাশিবো/প্রশাসন/গাজীপুর-১৫৪/৩২৯২/৭; তারিখ: ৩০/০৭/২০১৯ খ্রি.
 ২। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং- বামাশিবো/প্রশাসন/গাজীপুর-১৫৪/৩৩০৯/৭; তারিখ: ২১/০৮/২০১৯ খ্রি.
 ৩। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং- বামাশিবো/প্রশাসন/গাজীপুর-১৫৪/৩৩২১/৭; তারিখ: ১৮/০৯/২০১৯ খ্রি.
 ৪। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং- বামাশিবো/প্রশাসন/গাজীপুর-১৫৪/৩৪৩৭/৭; তারিখ: ১০/১০/২০১৯ খ্রি.
 ৫। মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৫৭.২৫.০০০০.০১০.০১.০০৩.১৬-৫২; তারিখ: ২১.০৩.২০১৮ খ্রি.
 ৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা কার্যালয়ের স্মারক নং- উমাশিঅ/শ্রী-গাজী/৯৩(অংশ)/০৭-২৩২; তারিখ ২২/১১.২০১৮ খ্রি.


উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, গাজীপুর জেলার শ্রীপুর উপজেলাধীন সাগরিয়া বালিকা দাখিল মাদ্রাসার সুপার জনাব মো: নুরুল আমিন মৃধা (বরখাস্তকৃত) এর বিরুদ্ধে ১০ম শ্রেণির ছাত্রীর যৌন হয়রানি, সনদ জালিয়াতি, ভুয়া ইনডেক্স ও এমপিও, একটানা দুই বছর যাবৎ মাদ্রাসায় অনুপস্থিতসহ বিভিন্ন অভিযোগের প্রেক্ষিতে গত ১৮/১১/২০১৮ খ্রি. তারিখে ম্যানেজিং কমিটির সিদ্ধান্ত অনুযায়ী তাঁকে বরখাস্ত করা হয়। উক্ত বরখাস্তের বিরুদ্ধে জনাব মো: নুরুল আমিন মৃধা (বরখাস্তকৃত সুপার) মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন-৫০০৫/২০১৯ দায়ের করেন। উক্ত রিটের আলোকে মহামান্য হাইকোর্ট বিভাগ জনাব মো: নুরুল আমিন মৃধা এর দরখাস্ত বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডকে নিষ্পত্তির আদেশ প্রদান করেন।

বর্ণিত অবস্থায় মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন-৫০০৫/২০১৯ এ প্রদত্ত আদেশ ও সৃষ্ট জটিলতা নিরসনকল্পে অত্র বোর্ডে সকল পক্ষের মুখোমুখি শুনানী গ্রহণ করার জন্য সূত্রোক্ত ২, ৩, ৪ ও ৫ নং স্মারকে উভয় পক্ষকে বোর্ডে উপস্থিত হয়ে শুনানীতে অংশ গ্রহণ পূর্বক স্ব-স্ব দাবীর পক্ষে লিখিত বক্তব্য ও সমর্থনীয় কাগজপত্র দাখিল করার জন্য উভয় পক্ষকে পত্র প্রেরণ করা হয়।

উক্ত পত্রের প্রেক্ষিতে ভারপ্রাপ্ত সুপার ও সভাপতি উপস্থিত হলেও বাদী জনাব মো: নুরুল আমিন মৃধা (বরখাস্তকৃত সুপার) শুনানীতে অংশগ্রহণ করেননি। বাদী জনাব মো: নুরুল আমিন মৃধাকে একাধিকবার পত্র প্রেরণ করার পরও শুনানীতে অংশগ্রহণ না করায় মো: নুরুল আমিন মৃধা কর্তৃক দায়েরকৃত বরখাস্ত সংক্রান্ত অভিযোগ সমূহ ভিত্তিহীন এবং এ বিষয়ে তার কোন বক্তব্য নেই মর্মে প্রতীয়মান হয়।

এমতাবস্থায় বেসরকারি মাদ্রাসা শিক্ষকের চাকরিবিধি-১৯৭৯ এর বিধি-১১ এর ব্যাখ্যায় উল্লিখিত অপরাধ প্রমানিত হওয়ায় এবং মাদ্রাসা কর্তৃপক্ষ কর্তৃক বিধি-১২ এর ক্ষমতাবলে সিদ্ধান্ত নেওয়ার জন্য মাদ্রাসা কর্তৃপক্ষকে অনুরোধ করা হলো একইসাথে রিট পিটিশন নং- ৫০০৫/২০১৯ এ প্রদত্ত আদেশ মোতাবেক আবেদনকারী জনাব মো: নুরুল আমিন মৃধা এর দরখাস্ত এতদ্বারা নিষ্পত্তি করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


(মোঃ ওমর ফারুক)
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোনঃ ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

প্রাপক,

১. জনাব মো: নুরুল আমিন মৃধা সুপার, (বরখাস্তকৃত) সাগরিয়া দাখিল মাদ্রাসা
ডাকঘর: রাজেন্দ্রপুর, উপজেলা: শ্রীপুর, জেলা: গাজীপুর


২. সভাপতি, সাগরিয়া দাখিল মাদ্রাসা
ডাকঘর: শ্রীপুর, উপজেলা: শ্রীপুর, জেলা: গাজীপুর

স্মারক নং-বামাশিবো/প্রশাসন/গাজীপুর-১৫৪/১১১/৩

তারিখ: ২৩ অগ্রহায়ণ ১৪২৭
০৮ ডিসেম্বর ২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, গাজীপুর;
২. উপজেলা নির্বাহী অফিসার, শ্রীপুর, গাজীপুর;
৩. জেলা শিক্ষা অফিসার, গাজীপুর;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শ্রীপুর, গাজীপুর;
৫. ভারপ্রাপ্ত সুপার, সাগরিয়া দাখিল মাদ্রাসা
ডাকঘর: রাজেন্দ্রপুর, উপজেলা: শ্রীপুর, জেলা: গাজীপুর;
৬. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।


(মোঃ ওমর ফারুক)
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোনঃ ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd